



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/ ৩২/৪ /চট্টগ্রাম-২১৯

তারিখ: ০৫ অগ্রহায়ণ ১৪২৮
২৬ নভেম্বর ২০২১

বিষয়: বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের আলোকে চট্টগ্রাম জেলার সীতাকুন্ড উপজেলাধীন নুরিয়া ইসলামিয়া আলিম মাদ্রাসার সহকারি শিক্ষক জনাব মহিউদ্দিন (সাময়িক বরখাস্ত) একখানা অভিযোগ দাখিল করেছেন। অভিযোগ পর্যালোচনায় দেখা যায় সহকারি শিক্ষক জনাব মহিউদ্দিন গত ১১/০৫/২০১৩ খ্রি. তারিখে যোগদান করেন। কিন্তু গত ২১/০৩/২০১৯ খ্রি. তারিখে মাদ্রাসার গভার্নিং বডি বিধিবহির্ভূতভাবে সাময়িক বরখাস্ত করে। পরবর্তীতে প্রথম তদন্ত কমিটি কর্তৃক নির্দোষ প্রমাণ সত্ত্বেও উক্ত তদন্ত রিপোর্ট বাতিল করে বিধিবহির্ভূতভাবে অধ্যক্ষের স্বপক্ষীয় ২য় তদন্ত কমিটি গঠন করে মাদ্রাসা শিক্ষা বোর্ডের অনুমোদন ব্যতিরেকে অপসারণ করা হয়েছে মর্মে অভিযোগে উল্লেখ করেন। এমতাবস্থায়, অভিযোগকারীর অভিযোগের বিষয় বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য উভয় পক্ষের মুখোমুখি শুনানী করা প্রয়োজন।

বর্ণিত অবস্থায় সাময়িক বরখাস্তকৃত সহকারি শিক্ষক জনাব মহিউদ্দিন এর অভিযোগ নিষ্পত্তির লক্ষ্যে অধ্যক্ষ ও এডহক কমিটির সভাপতিসহ সংশ্লিষ্ট সকলকে আগামী ০৮.১২.২০২১ খ্রি. তারিখ রোজ বুধবার সকাল ৯.৩০ মিনিটে বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশ গ্রহণপূর্বক স্ব স্ব দাবীর পক্ষে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত বক্তব্য দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


২৬.১১.২০২১


মো: সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

১. সভাপতি, নুরিয়া ইসলামিয়া আলিম মাদ্রাসা, সীতাকুন্ড, চট্টগ্রাম;
২. অধ্যক্ষ, নুরিয়া ইসলামিয়া আলিম মাদ্রাসা, সীতাকুন্ড, চট্টগ্রাম;
৩. জনাব মহিউদ্দিন, (সাময়িক বরখাস্তকৃত শিক্ষক),
নুরিয়া ইসলামিয়া আলিম মাদ্রাসা, সীতাকুন্ড, চট্টগ্রাম;



২৬/১১/২০২১

নং-বামাশিবো/প্রশাসন/ /চট্টগ্রাম-২১৯

তারিখ: ০৫ অগ্রহায়ণ ১৪২৮
২৬ নভেম্বর ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, চট্টগ্রাম;
২. জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সীতাকুন্ড, চট্টগ্রাম;
৪. পি ও টু চেয়ারম্যান, পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৫. অফিস কপি।



২৩/১১/২১

মো: ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd


২৬/১১/২০২১